

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা

(কাস্টমস)

আদেশ

তারিখ : ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ/০৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং ১৬৪-আইন/২০১২/২৩৯২/কাস্টমস।— Customs Act, 1969 (Act IV of 1969) এর section 21(b) তে প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, এই বিভাগের ১৩ই শ্রাবণ, ১৪০৩ বাংলা মোতাবেক ২৮শে জুলাই, ১৯৯৬ ইংরেজী তারিখের আদেশ এস.আর.ও. নং ১২৪-আইন/৯৬/১৬৭৬/শুল্ক রহিত করিয়া, উক্ত Act এর FIRST SCHEDULE -ভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading এবং কলাম (2) তে বিধৃত H.S. Code এর বিপরীতে কলাম (3) তে বর্ণিত পণ্যসমূহকে উহাদের উপর আরোপণীয় আমদানি শুল্ক, যেই পরিমাণে মূল্যভিত্তিক ১৫% এর অধিক হয় সেই পরিমাণ, শুল্ক পরিশোধ ব্যতিরেকে নিম্নবর্ণিত শর্তে খালাস করার অনুমতি প্রদান করিল, যথাঃ—

শর্ত

- (ক) উক্ত Hatching eggs হাঁস-মুরগীর বাচ্চা উৎপাদনের জন্য বিশেষভাবে উপযোগী এবং এই উদ্দেশ্যে বিশেষভাবে নির্দিষ্টকৃত মর্মে সংশ্লিষ্ট রপ্তানিকারী দেশের পোল্ট্রি বিশেষজ্ঞ সংস্থার নিকট হইতে প্রত্যায়নপত্র এবং সংশ্লিষ্ট আমদানিকারক হ্যাচারী/পোল্ট্রি শিল্প হিসাবে বাংলাদেশে যে নিবন্ধিত ইহার স্বপক্ষে নিবন্ধন সনদপত্র সংগ্রহ করিয়া আমদানি দলিলের সহিত সংশ্লিষ্ট শুল্ক স্টেশনে দাখিল করিতে হইবে;
- (খ) উক্ত Hatching eggs এর প্রতিটির মূল্য ৬ (ছয়) টাকার কম হইবে না।

TABLE

Heading (1)	H.S.Code (2)	Description (3)
04.07	0407.11.00	Fertilised eggs for incubation of fowls of the species Gallus domesticus
	0407.19.00	Other fertilised eggs for incubation
	0407.21.00	Other fresh eggs of fowls of the species Gallus domesticus
	0407.29.00	Other fresh eggs
	0407.90.00	Other birds' eggs (excl. fertilised & fresh)

০২। এই প্রজ্ঞাপন ১৭ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১২ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(ফারজানা আফরোজ)

প্রথম সচিব (শুল্ক)।